সংবাদ

16 MAR 2017

৫ ৭

# গাইড বই না কেনায় ছাত্রকে মারধর বহিষ্কারের ঘটনা তদন্তের নির্দেশ

সংবাদদাতা, দুপচাঁচিয়া (বগুড়া)

বগুড়ার দুপচাঁচিয়া উপজেলার জিয়ানগর উচ্চ বিদ্যালয়ে শিক্ষকের পছন্দের
গাইড বই না কেনায় ছাত্রকে মারধর অতপর তিন ছাত্রকে স্কুল থেকে
বহিষ্কারের ঘটনা তদন্তের নির্দেশ দিয়েছে দুপচাঁচিয়া ইউ এন ও শাহেদ
পারভেজ।
ছাত্রকে মারধর অতপর তিন ছাত্রকে স্কুল থেকে বহিষ্কারের ঘটনা দৈনিক
সংবাদসহ স্থানীয় পত্রিকায় প্রকাশিত হলে দুপচাঁচিয়া ইউএনও শাহেদ
পারভেজের নজরে আসে। তিনি তাৎক্ষণিকভাবে উপজেলা মাধ্যমিক শিক্ষা
অফিসার একরামুল হককে তলব করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ঢাকায় থাকায় উক্ত স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি আনোয়ার উল
আজাদ, প্রধান শিক্ষক আবদুল গনি ও সহকারী প্রধান শিক্ষক নজরুল
ইসলামকে তার অফিস কক্ষে আসার নির্দেশ দেন। প্রধান শিক্ষক আবদুল গনি
ও সহকারী প্রধান শিক্ষক নজরুল ইসলাম উপজেলা প্রধান শিক্ষক সমিতির
সভাপতি আবুল বাসার ও সাধারণ সম্পাদক রুহুল আমিনকে সঙ্গে নিয়ে ইউ
এন ও শাহেদ পারভেজ এর অফিসে গিয়ে বিষয়টি মিমাংসা হয়েছে বলে
জানান। বিস্তারিত জেনে ইউএনও শাহেদ পারভেজ বলেন গাইড বই ক্রয় ও
ছাত্রকে মারপিট মিমাংসার আওতায় পড়ে না। বিষয়টি তদন্ত করা হবে। এ
ব্যাপারে ইউ এন ও শাহেদ পারভেজ জানান, ঘটনাটি তদন্তের জন্য মাধ্যমিক
শিক্ষা অফিসারকে দায়িত্ব দেয়া হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর
পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।